শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং-৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-৮৩ তারিখ: ০১ ভাদ্র ১৪২৮ / ১৬ আগষ্ট ২০২১

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের আগষ্ট ২০২১ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২৩-৮-২০২১ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

১৬/০৮/২০২১
(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

১৬-৮-২০২১

বিতরণ :কার্যার্থে :

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..............................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ........................................................................ ।

স্মারক নং-৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-৮৩ তারিখ: ০১ ভাদ্র ১৪২৮ / ১৬ আগষ্ট ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

১৬/০৮/২০২১
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

১৬-৮-২০২১

মো: শফিকুল ইসলাম, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উসস আগষ্ট ২০২১

উপস্থিত উপদেষ্টা মন্ডলী :

১. জনাব মো: জাহিদুর রহমান জাহিদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান উপ: পরি: →
৪. জনাব ভারতী রানী রায় মহিলা ভাইস চেয়ারম্যান উপ: →
৫. জনাব মোছা: আরজিনা পারভীন সং মহিলা সদস্য-০১ →
৬. জনাব মোছা: নুরজাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২ →
৭. জনাব মোছা: খাতিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩ →
৮. জনাব মোছা: গলেনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪ →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →
২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →
৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি. →
৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. →
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →
১০. চেয়ারম্যান ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ২৩-৮-২০২২
সময়: ১০-০০টা

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যদের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | রাজেন্দ্র নাথ রায় — UAO | |
| ০২. | মো: খালেদ মোশাররফ, SUFO | |
| ০৩. | মো: আরিফুল্লাহ, USEO, পীরগঞ্জ | |
| ০৪. | মো: হাবিবুল ইসলাম UEO, পীরগঞ্জ | |
| ০৫. | মো: জিয়াউল হক শাহ, উঃমাঃনিঃ পীরগঞ্জ | |
| ০৬. | নাদিয়া আফরোজ, UFPO, পীরগঞ্জ | |
| ০৭. | মো: সাহিদ সুলতান, [illegible], পীরগঞ্জ | |
| ০৮ | মো: মাহফুজুল ইসলাম LGRDO | |
| ০৯. | Md. Abul Kalam Azad, UAE, LGED | |
| ১০ | মো: মো: মাহফুজুল ইসলাম USSO | |
| ১১. | ডা: মো: আতাউর রহমান | |
| ১২ | প্রদীপ কুমার রায়, OC পীরগঞ্জ | |
| ১৩। | আহমেদ হোসেন উপজেলা সমবায় কর্মকর্তা | |
| ১৪। | মো: তাহিদুল ইসলাম (PIO) | |
| ১৫। | ডা: প্রদীপ কুমার রায় ULO | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর আগষ্ট, ২০২১ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২৩-৮-২০২১ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১০:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৩৬৯ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৩,৭৮২ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,০২৮ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৪৩ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০০ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৪৬১ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৯৫ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। কোভিড-১৯ মোট নমুনা সংগ্রহ ২,৫৮৯ জন, পরীক্ষীত ২,৪২০ জন, অবশিষ্ট ১৬৯ জন। করোনা পজিটিভ মোট ৮৫৫ জন, সুস্থ্য ৭৪৩ জন, মৃত ১৮ জন, হোম আইসোলোশন ৭৪১ জন, হাসপাতাল আইসোলোশন ০২ জন। ১ম ডোজ টিকা প্রদান ১৮,২৫৪ জনকে, ২য় ডোজ টিকা প্রদান ৯,৩৫১ জনকে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শূন্য পদে জরুরী ভিত্তিতে চিকিৎসক পদায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ (১) সক্ষম দম্পতি- ৪৯,৫৪৯ জন, (২) মোট গ্রহণকারী- ৩৮,৭৩৭ জন, (৩) খাবার বড়ি - ৮,৭২১ (৪) কনডম- ৫,০৮৪ (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮৭৭ (৬) আইইউডি- ১৫ (৭) ইমপ্ল্যানন- ০০ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ১০ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৯৬২ জন (১১) ইসিপি- ১৮ (১২) মিসোপ্রোস্টল- ৩৫৮ (১৩) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.১৭% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে।<br>২) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে। | **১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।**<br>**২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি খরিপ-২ মৌসুমের আমন রোপন সম্পন্ন হয়েছে। গত বছরের তুলনায় এ বছর আমন ২৮৫ হেঃ জমিতে আমন ফলন বেশি হয়েছে। এছাড়াও শাকসবজি ও মাসকালাই ফসল দুটির আবাদ ৫% বেশি হয়েছে। সার্বিকভাবে উক্ত ফসল দুটির ফলন সন্তোষজনক পর্যায়ে রয়েছে।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রকল্পের কর্মকান্ড শুরু হয়েছে। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানী তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রাণীসম্পদ প্রদর্শনী ২০২১ আগামী ০৫-৬-২০২১ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ চত্বরে দিন ব্যাপী উদযাপিত হবে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ১,০৬৯ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ৯,৫১৭ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান =৩,৮০০টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৩০,৫০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,২৭৮ টি<br>৬। প্রশিক্ষণ = ০০<br>৭। উঠান বৈঠক = ৫ টি<br>৮। উঠান বৈঠক অংশগ্রহন কারীর সংখ্যা = ৫৯জন<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ৮টি<br>১০। দুধ উৎপাদন = ২,৩৩৭ মেঃ টনঃ<br>১১। মাংস উৎপাদন = ২৩ মেঃ টনঃ<br>১২। ডিম উৎপাদন = ০.৪৯৩৩১ টি। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে ১৫ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০২ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। নিরাপদ মৎস্য উৎপাদনে পীরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের চাষ পুকুরে মুরগির বিষ্ঠা(লিটার) প্রয়োগ রোধে কার্যকরী পদক্ষেপ নিতে উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিক আইডি প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল ও ডেটাবেজ প্রণয়নের নিমিত্ত শিক্ষর্থী তথ্য ফরম পূরণের নির্দেশিকা ও তথ্য ফরমসমূহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ সম্পন্ন হয়েছে। শিক্ষকদের অনলাইন ক্লাস করার জন্য পুনরায় অনুরোধ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | **উপজেলা শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে গুগল মিটের মাধ্যমে ক্লাস পরিচালনার নির্দেশনা পাওয়া গেছে। এছাড়াও অন্তর্বর্তীকালীন পাঠ-পরিকল্পনা অনুযায়ী শিশুদের বাড়ি বাড়ি গিয়ে শিশুদের পাঠদান ও বাড়ির কাজ শিশুদের হাতে হাতে পৌছে দেয়া। শিশুরা বাড়ির কাজ সম্পন্ন করলে শিক্ষকগণ নিয়ে এসে মূল্যায়ন করতঃ শিক্ষার্থীর ফাইলে সংরক্ষণ করছেন। **১৬ (ষোল) সপ্তাহের বাড়ির কাজ শিক্ষার্থীদের মাঝে বিতরন চলছে। লকডাউনের কারণে ০৫/০৭/২০২১ হতে ১৪/০৭/২০২১ খ্রিঃ পর্যন্ত এবং ২৩/০৭/২০২১ খ্রিঃ হতে ১১/০৮/২০২১ খ্রিঃ পর্যন্ত বাড়ির কাজ বিতরণ করা হয়নি।**<br>নগদের মাধ্যমে উপবৃত্তি প্রদান ও বিদ্যালয়ে ভর্তির জন্য শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সনদ জরুরী। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ যেন শিশুর অভিভাবকদের জন্ম নিবন্ধনের সনদ দ্রুততার সঙ্গে প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়।<br>ইএফটির মাধ্যমে ৯১৩ জন শিক্ষকদের জুন/২০২১ মাসের বেতন ভাতা প্রদান করা হয়েছে। এনআইডি সংক্রান্ত জটিলতার কারণে ৩ জনের ম্যানুয়ালী জুন মাসের বেতন দেওয়া হবে ।<br>করোনা কালীন সময়েও বিভিন্ন কার্যক্রমে বিদ্যালয়ের মনিটরিং ব্যবস্থা চালু আছে। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ,জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয়করার জন্য বলা হয়েছে।<br>দপ্তরী কাম-প্রহরীপদে (আউট সোসিং) ইমএক্স ম্যানপাওয়ার রিক্রুটিং এজেন্সি বাংলাদেশ লিমিটেড কর্তৃক ৩১ মে/২০২১ তারিখে ০২ টি ও ২৭ মে/২০২১ তারিখে ০১ টি নিয়োগপত্রের ফটোকপি বিভিন্ন মাধ্যমে পাওয়া যায়। নিগোগপত্রগুলির কোন প্রার্থী অত্রাফিসে যোগাযোগ করতে আসে নাই। আসলেও যোগদান করতে দেয়া হত না। কারন এ বিষয়ে বিভাগীয় কোন নির্দেশনা নাই এবং অত্রাফিস থেকেও কোন নির্দেশনা প্রদান করা হয়নি। এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন, আইন বিরোধী কোন কার্যক্রম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট সকলকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নেয়ার জন্য অনুরোধ করেন।<br>উপজেলার প্রধান ও সহকারী শিক্ষকদের অনলাইন গ্রেডেশন কার্যক্রম চলমান আছে। ৯১৬ জন শিক্ষকের মধ্যে ৯১৫ জনের গ্রেডেশন কার্যক্রম শেষ হয়েছে। ০১ জন শিক্ষকের বাকী আছে।<br>পরিশেষে তিনি বলেন বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা খাতে বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীগণ বিকাশ একাউন্টে মোবাইলে ভাতার টাকা পাচ্ছেন। কিছু ভাতাভোগীর মোবাইল নাম্বার ভুল হওয়াতে অর্থ বাউন্স বেক হচ্ছে। যা ইডিট করে আবার পে রোল প্রেরণ করা হবে। এ উপজেলা শতভাগ ভাতাভোগীর আওতায় আসবে বলে জানান গছে। এ জন্য অনলাইনে আবেদন করতে হবে। বিধবা ও বয়স্ক ব্যক্তিগণ অনলাইনে আবেদন করবেন। ইউনিয়ন পরিষদসহ যে কোন সেন্টার থেকে অনলাইনে আবেদন করতে পারবেন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>গম ১০৪৯.৮৮৬ মে:টন, চাল ৩২৮৫.৬৯৫ মে:টন, ধান ১২৭৮.০০০ মে:টন ও খালি বস্তা ৪১,১৮৭ খানা।<br>**ভোমরাদহঃ**<br>চাল বোরো ৩৬৪.০৫০ মে:টন, গম ৫৯৫.০৬০ মে:টন, চাল বোরো ২৯১.১১৫ মে:টন ও খালি বস্তা ১৬,৪৯৬ খানা।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ৩২ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় পীরগঞ্জ পৌর শহরে ২০ টি কমিউনিটি ল্যাট্রিন এবং ০৫ টি পাবলিক টয়লেট এর নির্মাণ প্রায়ই শেষ। এছাড়া ২৫ টি কমিউনাল বিন এর নির্মাণ কাজ চলমান। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৩৫ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৫ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এবং অগ্রাধিকার মূলক গ্রামীণ পানি সরবরাহের আওতায় যথাক্রমে ২৬০ এবং ১০০ টি সহ মোট ৩৬০ টি নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ১৩৩ টি। ইতোমধ্যে ২০১৯-২০২০ খ্রিঃ অর্থ বছরের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ১৩২ টি । সমিতির তদারকি কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলি ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ১৬ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে অডিট ফি রাজস্ব) ৬৮,৬৮০/- টাকা এবং সরকারি ভ্যাট ১০,৫০২/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৮৩,৬৫০/- টাকা ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান, জনগাঁও আশ্রয়ণ প্রকল্প(ফেইজ- ২ প্রকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ আকারে বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত মোট আদায়ের পরিমাণ ৯,৭৮,২১০/- টাকা, সার্ভিস চার্জ ৭৮,৩৯০/-। আদায়ের শতকরা হার ৬৫%। তিনি বলেন, অনাদায়ী টাকা আদায়ের জোর প্রচেষ্টা চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায় ২৫,৯৫,১১৩/-, ক্রমপুঞ্জিত আদায় ১৪,৯৩,৩৫,১২৩/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ২৫,৩৬,০০০/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ৭০ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৬১,৭৯,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩০৭ জন, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত ৪০০ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৬,৬৪৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ৮৪ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬১৬ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৮.৮৪</td><td>২.৫০</td><td>১০৬.৮২</td><td>১২৭.১৮</td><td>৮৪%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৪০.৪০</td><td>০.৯৯</td><td>২৭.১৭</td><td>২৮.৬০</td><td>৯৫%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>৩.৭৫</td><td>০.১১</td><td>১০.৩০</td><td>১৪.৩৮</td><td>৭২%</td><td>৭১</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.০০</td><td>৩.৭৫</td><td>৮০%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২০৩</td><td>৩.৬০</td><td>১৪৭.২৯</td><td>১৭৩.৯১</td><td>৮৬%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | এসএফপিসি, পীরগঞ্জ। |
| ১৯ | উপজেলা বরেন্দ্র বিভাগ | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, ২৪২ টি সেচ যন্ত্রের মধ্যে সবগুলিই বর্তমানে সচল রয়েছে। কৃষক তাদের প্রয়োজন অনুযায়ী সেচ গ্রহণ করতে পারবে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) ০৬ টি সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ প্রকল্প বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত ও সুপারিশ করা হয়েছে। অতপর উক্ত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত বিষয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন এবং ০৬ টি প্রকল্প অনুমোদিত হয়। **০৬ টি প্রশিক্ষণ প্রকল্পের বিস্তারিত তথ্যাদি পরিশিষ্ট-গ-তে দেখানো হলো।**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এ উপজেলায় ইউজিডিপি প্রকল্পের ৫ম পর্যায়ে (২০২০-২০২১) অর্ন্তভূক্ত হয় এবং সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। তাই ইউজিডিপি'র নির্দেশনা মোতাবেক ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তবনা পাঠাতে হবে। উক্ত বিষয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন এবং আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প চাহিদা জমা প্রদানের জন্য অনুরোধ জানান। | ১০,০০,০০০/- টাকার ০৬ টি প্রশিক্ষণ প্রকল্প অনুমোদন দেওয়া হলো। | উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী / উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ২৪ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত (এডিপি) বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য মোট ২৮,৭০,৪০৮.৯৫ টাকা স্থান্তর করা হয়েছে। যা দ্বারা এ অর্থ বছরে উন্নয়ন প্রকল্পসমূহ গ্রহণ করা হবে।<br>তিনি আরও জানান, ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে এডিপি সরকারি ১ম কিস্তি বাবদ ২৫,৬৫,০০০/- টাকা এবং করোনা ভাইরাস সর্ম্পকিত ৪,৫২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্পসমূহ গ্রহণের জন্য প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে প্রকল্পসমূহ গ্রহণের জন্য সভায় সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, করোনাকালীন সময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-৮৬(৫০) তারিখ: ০৮ ভাদ্র ১৪২৮ / ২৩ আগষ্ট ২০২১

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা.......................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.................................................... ।

২৩।০৮।২১

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার কার্যবিবরণী/উসস আগষ্ট ২০২১ প্রিঃ

পীরগঞ্জ উপজেলার আগষ্ট ২০২১ খ্রি: মাসের মাসিক সভা

## পরিশিষ্ট-গ

**পীরগঞ্জ উপজেলার উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) ৪র্থ পর্যায় (২০১৯-২০২০) মাসিক সভায় অনুমোদিত ০৬ টি সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ প্রকল্পের বিস্তারিত তথ্যাদি ঃ**

| ক্র : | সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষন উপ-প্রকল্পের নাম | উপ-প্রকল্প নম্বর | মোট বাজেট (ভ্যাট,ট্যাক্স ব্যতীত) | আইটি | ভ্যাট | মোট বাজেট (ভ্যাট, ট্যাক্সসহ) |
|---|---|---|---|---|---|---|
| ১ | করোনা মোকাবেলায় মাঠ পর্যায়ের স্বাস্থ্যকর্মী ও স্থানীয় জনগণের করণীয় বিষয়ক প্রশিক্ষণ | **CD-**২০১৯-২০২০-৫৫৯৪৮২-০১ | ১৬১৪১০.০০ | ৪৩০৯.০০ | ৫৯৯০.০০ | ১৭০৪৫৯.০০ |
| ২ | প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসবের হার বৃদ্ধি ও মাতৃ মৃত্যু প্রতিরোধে করণীয় বিষয়ে স্থানীয় নেতৃবৃন্দ ও তৃণমূল পর্যায়ের স্বাস্থ্যকর্মীদেরকর্মশালা | **CD-**২০১৯-২০২০-৫৫৯৪৮২-০২ | ১৬৫৩১৩.০০ | ৪১৭৮.০০ | ৫৫৭৬.০০ | ১৭৪৯৬৭.০০ |
| ৩ | স্বাস্থ্যসম্মত উপায়ে গবাদীপশু জবাই এবং নিরাপদ মাংস বিক্রয়ের লক্ষ্যে মাংস ব্যবসায়ীদের (কসাই) সচেতনতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষন | **CD-**২০১৯-২০২০-৫৫৯৪৮২-০৩ | ১৬১৩১৩.০০ | ৪৩০৬.০০ | ৫৯৮৩.০০ | ১৭১৬০২.০০ |
| ৪ | বাল্য বিবাহ নিরোধ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি মূলক কর্মশালা | **CD-**২০১৯-২০২০-৫৫৯৪৮২-০৪ | ১৬২৩৪০.০০ | ৪২৮৯.০০ | ৫৯৩৯.০০ | ১৭২৫৬৮.০০ |
| ৫ | মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ইংরেজি বিষয়ে দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ | **CD-**২০১৯-২০২০-৫৫৯৪৮২-০৫ | ১৮৯৬০২.০০ | ৪৯৬৮.০০ | ৫৩৪৫.০০ | ১৯৯৯১৫.০০ |
| ৬ | অবকাঠামো নির্মাণ কাজের মান উন্নয়নে নির্মাণ শ্রমিকদের (রাজমিস্ত্রি) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ । | **CD-**২০১৯-২০২০-৫৫৯৪৮২-০৬ | ১৬০০২২.০০ | ৪৪২২.০০ | ৫৫৫০.০০ | ১৬৯১১৮.০০ |
| | মোট: দশ লক্ষ আটান্ন হাজার ছয়শত উনত্রিশ টাকা মাত্র | | ১০০০০০০.০০ | ২৬৪৭২.০০ | ৩৪৩৮৩.০০ | ১০৫৮৬২৯.০০ |

পীরগঞ্জ উপজেলা ঠাকুরগাঁও কর্তৃক প্রনয়নকৃত ৪র্থ পর্যায়ের (২০১৯-২০২০) ভ্যাট ও ট্যাক্সসহ ১০৫৮৬২৯.০০(দশ লক্ষ আটান্ন হাজার ছয়শত উনত্রিশ টাকা) বাজেটের সক্ষমতা উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা প্রয়োজনীয় ডকুমেন্টসহ ইউজিডিপির প্রকল্প অফিস ঢাকা বরাবরে জরুরী ভিত্তিতে পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।